সমকাল

তারিখ ... 17 JAN 2017 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪ ...

### যৌন হয়রানির অভিযোগ

# শ্রীপুরে মাদ্রাসা সুপারের বিচার দাবিতে শিক্ষার্থীদের ক্লাস বর্জন

■ শ্রীপুর (গাজীপুর) প্রতিনিধি

শ্রীপুরের গাড়ারণ সাগরিয়া বালিকা দাখিল মাদ্রাসার দশম শ্রেণির এক শিক্ষর্থীকে যৌন হয়রানির অভিযোগে মাদ্রাসা সুপারের বিরুদ্ধে ফুঁসে উঠেছে শিক্ষার্থী ও এলাকাবাসী। এ ঘটনার প্রতিবাদে সোমবার ওই মাদ্রাসার আড়াশ' শিক্ষার্থী ক্লাস বর্জন করে বিক্ষোভ করে এবং সুপারের বিচার না হওয়া পর্যন্ত তারা ক্লাসে ফিরবে না বলে ঘোষণা দেয়। এদিকে ছাত্রীকে যৌন হয়রানির বিষয়টি ফাঁস হয়ে যাওয়ার পর মাদ্রাসা সুপার পলাতক রয়েছেন।

শিক্ষার্থী ও অভিভাবকরা জানান: মাদ্রাসা সুপার নুরুল আমীন মৃধা দশম শ্রেণির এক ছাত্রীকে নানাভাবে কুপ্রস্তাব দিয়ে আসছিলেন। মোবাইল ফোনেও তাকে উত্ত্যক্ত করা হচ্ছিল। এ ঘটনার বিচার চেয়ে ম্যানেজিং কমিটির কাছে লিখিত অভিযোগও করে ওই শিক্ষার্থী। অভিযোগকারী শিক্ষার্থী জানায়, বিভিন্ন সময় পড়াশোনার বিষয়ে কথা আছে বলে তার সঙ্গে ফোনে কথা বলেন মাদ্রাসা সুপার। একপর্যায়ে তাকে নিয়ে নিরিবিলি কোনো স্থানে ঘুরে আসতে চান বলেও প্রস্তাব দেন। এ প্রস্তাবে রাজি না হওয়ায় তাকে মাদ্রাসা থেকে তাড়িয়ে দেবেন বলেও হুমকি দেন তিনি। শিক্ষার্থীর স্বজনরা জানান, ঘটনা ফাঁস হয়ে পড়লে মাদ্রাসার সভাপতি রফিকুল ইসলাম ঢালী মোটা অঙ্কের টাকায় বিষয়টি মীমাংসার জন্য প্রস্তাব দেন।

অভিযোগ অস্বীকার করে মাদ্রাসার সভাপতি রফিকুল ইসলাম ঢালী বলেন, পুরো ঘটনাই সাজানো এবং ষড়যন্ত্রমূলক। অন্যদিকে মোবাইল ফোনে যোগাযোগের চেষ্টা করেও অভিযুক্ত সুপারের বক্তব্য পাওয়া যায়নি। ইউএনও মোহাম্মদ আবদুল আউয়াল বলেন, বিষয়টি শুনেছি। খোঁজ-খবর নিয়ে প্রকৃত ঘটনা জেনে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।